# 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রুকূ‘ থেকে মাথা উত্তোলন করার পর আল্লাহর প্রশংসা করার ব্যাপারে সচেষ্ট থাকা

ذِكْرُ اسْتِحْبَابِ الِاجْتِهَادِ لِلْمَرْءِ فِي الْحَمْدِ لِلَّهِ بَعْدَ رَفْعِ رَأْسِهِ مِنَ الرُّكُوعِ

আরবী

1907 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ نُعَيْمٍ الْمُجْمِرِ عَنْ عَلِيِّ بْنِ يَحْيَى الزُّرقي عَنْ أَبِيهِ عَنْ رِفَاعَةَ بْنِ رَافِعٍ الزُّرَقِيِّ قَالَ: كُنَّا يَوْمًا نُصَلِّي وَرَاءَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا رَفَعَ رَأْسَهُ مِنَ الرَّكْعَةِ وَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ قَالَ رَجُلٌ وَرَاءَهُ: رَبَّنَا وَلَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ فَلَمَّا انْصَرَفَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قال: (مَنِ الْمُتَكَلِّمُ آنِفًا)؟ فَقَالَ رَجُلٌ: أَنَا يَا رَسُولَ اللَّهِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الله عَلَيْهِ وَسَلَّمَ: (لَقَدْ رَأَيْتُ بِضْعًا وَثَلَاثِينَ مَلَكاً يبتدرونها أيهم يكتبها أول)

الراوي : رِفَاعَة بْن رَافِعٍ الزُّرَقِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1907 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (744)

বাংলা

১৯০৭. রিফা‘আহ বিন রাফে‘ আয যুরাকী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একদিন আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের পিছনে সালাত আদায় করছিলাম, যখন তিনি রুকূ‘ থেকে মাথা উত্তোলন করে سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ (আল্লাহ শ্রবণ করেন, যে তাঁর প্রশংসা করে) বলেন, তখন তাঁর পিছনে এক ব্যক্তি বলেন, رَبَّنَا وَلَكَ الْحَمْدُ حَمْدًا كَثِيرًا طَيِّبًا مُبَارَكًا فِيهِ (হে আমাদের প্রভু, আর আপনার জন্যই সমস্ত পবিত্র, বরকতময় প্রচুর প্রচুর প্রশংসা)। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন সালাত শেষ করলেন, তখন তিনি বলেন, “এক্ষুনি (বাক্যগুলো) কে বলছিল?” তখন এক ব্যক্তি বললেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমি বলেছি।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “আমি দেখলাম যে, এগুলিকে প্রথমে

লিপিবদ্ধ করার জন্য ৩০ জনেরও অধিক ফেরেস্তা প্রতিযোগিতা করছেন।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আবী ইয়া‘লা: ১/১৪৮; সহীহ মুসলিম: ৬০০; আবূ দাউদ: ৭৬৩; নাসাঈ: ২/১৩২-১৩৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৬৩৩-৬৪৪; মুসনাদ আহমাদ: ৩/১৯১; আত তায়ালিসী: ২০০১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৫৬১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৪১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ রিফা‘আহ ইবনু রাফি’ যুরাকী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91123

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন